অবতরণিকা

'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা' সরকারের একটি নিয়মিত বার্ষিক প্রকাশনা। সমীক্ষাটি জাতীয় সংসদের বাজেট অধিবেশনে অন্যান্য বাজেট ডকুমেন্টস্ এর সাথে প্রকাশ করা হয়। এতে দেশের সামষ্টিক অর্থনীতির গতি প্রকৃতি এবং অর্থনীতির খাতসমূহের হালনাগাদ পরিস্থিতির বিস্তারিত বিবরণ সন্নিবেশ করা হয়।

২। সমীক্ষাটিতে ৩টি ভাগে মোট ১৫টি অধ্যায় রয়েছে। প্রথম ভাগের ৬টি অধ্যায়ে বৈশ্বিক এবং বাংলাদেশের অর্থনীতির প্রেক্ষাপটে বর্তমান এবং নিকট ভবিষ্যতের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি; জিডিপি, সঞ্চয় ও বিনিয়োগ; মূল্য, মজুরি ও কর্মসংস্থান; রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা; মুদ্রা ব্যবস্থাপনা ও আর্থিক বাজার উন্নয়ন এবং বহিঃখাত সংক্রান্ত বিষয়াবলী সম্পর্কে বিশদ বিবরণ দেয়া হয়েছে। বিভিন্ন খাতভিত্তিক বিষয়াদির পূর্ণাঙ্গ পর্যালোচনা তুলে ধরা হয়েছে দ্বিতীয় ভাগের ৫টি অধ্যায়ে। এখানে অর্থনীতির উৎপাদনমুখী খাত হিসেবে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবহন ও যোগাযোগ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোর তথ্যাদি বিশদভাবে বর্ণনা করা হয়েছে। শেষ ভাগে ৪টি অধ্যায়ে অগ্রাধিকার খাত হিসেবে মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেসরকারি খাত উন্নয়ন এবং পরিবেশ উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে সরকারের বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রমের বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়েছে। এছাড়া, সমীক্ষায় ৬২টি পরিসংখ্যানগত পরিশিষ্ট রয়েছে যা সমীক্ষাটিকে আরো তথ্যবহুল করেছে।

৩। নানাবিধ প্রতিকূলতার মধ্যে প্রণীত সমীক্ষাটিতে কিছুটা ভুল-ত্রুটি থাকতে পারে। অনিচ্ছাকৃত ও অনাকাঙ্ক্ষিত এসব ভুল-ভ্রান্তির সংশোধনসহ প্রকাশনাটির গুণগত মানোন্নয়নে সংশ্লিষ্ট সকলকে সুচিন্তিত মতামত/পরামর্শ প্রদানের আহবান করছি। প্রত্যাশা করি অগণিত পাঠক, গবেষক, নীতিনির্ধারক, শিক্ষার্থী সকলের কাছে সমীক্ষাটি একটি গুরুত্বপূর্ণ তথ্যবহুল ডকুমেন্টস্ হিসেবে বিবেচিত হবে।

৪। সমীক্ষাটি প্রকাশ করায় অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া, প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহ করে সমীক্ষাটি প্রকাশে সার্বিক সহায়তার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি।



আব্দুর রউফ তালুকদার
সিনিয়র সচিব
অর্থ বিভাগ